

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 21 April, 2025

লালমনিরহাট থেকে ছেড়ে যাওয়া ঢাকাগামী বরকত ট্রাভেলসের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে অন্তত ৬ জন আহত হয়েছেন

রোববার (২০ এপ্রিল) রাত সাড়ে ১০টার দিকে লালমনিরহাট-রংপুর মহাসড়কের মহেন্দ্রনগর এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বাসটি দ্রুত গতিতে যাওয়ার সময় অন্য একটি ট্রাককে ধাক্কা দিলে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়। বাসে থাকা প্রায় ৩৫ জন যাত্রীর মধ্যে অন্তত ছয়জন গুরুতর আঘাত পেয়েছেন। আহতদের স্থানীয় লোকজন ও পুলিশ উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে নিয়ে যায়। তাদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

লালমনিরহাট সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ নূরনবী জানান, লালমনিরহাট-রংপুর মহাসড়কের মহেন্দ্রনগর এলাকায় বরকত ট্রাভেলসের একটি বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে হেলে পড়েছে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহত যাত্রীদের উদ্ধার করে মেডিক্যালেরে ভর্তি করা হয়েছে। দুর্ঘটনার কারণ সম্পর্কে এখনো নিশ্চিতভাবে কিছু জানা যায়নি। তবে স্থানীয়দের ধারণা, চালকের অসাবধানতা বা অতিরিক্ত গতির কারণে এই দুর্ঘটনা ঘটতে পারে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:48

URL: <https://timestodaybd.com/across-the-country/1155775807>